গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেল সুপার, মৌলভীবাজার জেলা কারাগার

এবং

কারা উপ মহাপরিদর্শক, কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট-এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র


জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..... ৩

প্রস্তাবনা ..... ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ..... ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ..... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..... ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ..... ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ..... ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..... ১৫

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জেলা কারাগার মৌলভীবাজার বন্দিদের প্রশক্ষণের লক্ষ্যে সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থা প্রেষণামূলক প্রশিক্ষণ প্রদান এর ফলে বন্দিরা সাজাভোগ শেষে অপরাধমুক্ত থেকে ভবিষ্যতে সমাজে পুনর্বাসিত হওয়ার সুযোগ পাবে। ডাবল ফেইজ বিদ্যুৎ সংযোগ চালু করা হয়েছে। পুরুষ ও মহিলা বন্দিদের প্রশিক্ষণের অংশ হিসেবে গামছা, টুপি, শাড়ী, নকশী কাঁথা, পুথির কাজ, সেলাই প্রশিক্ষণ, চুড়ির ও কলমের উপর সুতার কাজসহ মোট ০৮ টি গ্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রতিদিন গড়ে ২০ জন (হাজতি কয়েদিসহ) এবং উৎপাদিত পণ্যের লভ্যাংশ বন্দিদের প্রদান করা হচ্ছে। মহিলা বন্দিদের প্রশিক্ষণের জন্য সমাজসেবা অধিদপ্তর হতে ০১ জন মহিলা প্রশিক্ষক ২০২১ সাল হতে প্রশিক্ষণ প্রদান করে আসছেন। ২০২৩ সালের জানুয়ারি হতে স্থানীয় ব্যবস্থাপনায় অত্র কারাগারে ০৩ টি মনিপুরি তাঁত বসানো হয়েছে। তাঁতে মনিপুরী শাড়ী ও গামছা উৎপাদন হচ্ছে। স্থানীয় ব্যবস্থাপনায় একজন মনিপুরী পুরুষ ও একজন মনিপুরী নারী প্রশিক্ষক দ্বারা কারা বন্দিদের ১৫ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমানের প্রশিক্ষণপ্রাপ্ত বন্দিরা অন্যান্য বন্দিদের প্রশিক্ষণ দিচ্ছেন। তাছাড়াও অত্র কারাগার আধুনিকায়ন ও সম্প্রসারণের লক্ষ্যে ২.৭৪৫০ একর জমি অধিগ্রহণ সম্পন্ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সমস্যাসমূহ : ক। বর্তমানে মৌলভীবাজার জেলা কারাগারের ধারণ ক্ষমতা ৩১৬ জন হলেও গড়ে প্রতিদিন প্রায় ৬০০ জন বন্দি অবস্থান করে।
খ। কারাগারের নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় জনবল ও যন্ত্রপাতির অভাব।
গ। বন্দিদের সমাজে পুনর্বাসনের লক্ষে বিভিন্ন আত্মকর্মসংস্থামূলক প্রশিক্ষণ প্রদানের লক্ষে দক্ষ জনবল ও উপকরণের অভাব।
ঘ। ড্রেন/নালা সংস্কার, পরিস্কারকরণ এবং স্বাস্থ্যসম্মাত পরিবেশ বজায় রাখা।
চ্যালেঞ্জসমূহ: ক। ধারণ ক্ষমতার চেয়ে বন্দির সংখ্যা বৃদ্ধির ফলে নিরাপদ আটক নিশ্চিত করাই প্রধান চ্যালেঞ্জ।
খ। দক্ষ ও প্রশিক্ষিত জনবল এবং আধুনিক নিরাপত্তা সরঞ্জামাদি প্রাপ্তি।
গ। আত্ম-কর্মসংস্থানমূলক কর্মে প্রশিক্ষিত করে কারাগার থেকে মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষে প্রশিক্ষণ প্রদান ও উপরকরণ সংগ্রহ এবং দক্ষ জনবল তৈরি।
ঘ। স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখার লক্ষে কারাভ্যন্তরে ও বাহিরে ড্রেন নির্মাণ ও মেরামতকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বন্দি ধারণ ক্ষমতা বৃদ্ধি লক্ষে কারাভ্যন্তরে কয়েদি বন্দিদের জন্য নির্ধারিত জায়গায় ৫ তলা ভিত বিশিষ্ট ৪তল ভবন নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ লক্ষে ডিজিটাল সার্ভে সম্পন্ন করা হয়েছে। নতুন অধিগ্রহণকৃত জায়গায় সীমানা প্রাচীর, মাটি ভরাট কাজ, আন্ডার গ্রাউন্ড ওয়াটার রিজার্ভার নির্মাণ, কারাভ্যন্তরে ০১ টি সাবমারসেবল পানির পাম্প বসানো এবং রিজার্ভার হতে কারাভ্যন্তরে পানি সরবরাহের জন্য মটর স্থাপনের কাজ প্রক্রিয়াধীন।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- কারাগারের ধারণ ক্ষমতা ৩১৬ হতে ৪১৬তে উন্নীতকরণ।
- উৎপাদন বিভাগের শেড নির্মাণ।
- কারা বন্দিদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কাযক্রম সম্প্রসারণ।
- কারাভ্যন্তর ও বাহিরে মাল্টিপারপাস শেড নির্মাণ।
- মনিপুরী তাঁত সংখ্যা ১০ টিতে উন্নীতকরণ এবং উৎপাদিত শাড়ী, লুঙ্গী ও গামছা ব্র্যান্ডিং করণ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জেল সুপার, মৌলভীবাজার জেলা কারাগার

এবং

কারা উপ মহাপরিদর্শক, কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট-এর মধ্যে ২০২৪ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

রাখিব নিরাপদ দেখাবো আলোর পথ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বন্দিদের নিরাপদ আটক নিশ্চিতকরণ,কারাগারের কঠোর নিরাপত্তা ও শৃঙ্খলা বজায় রাখা,বন্দিদের সাথে মানবিক আচরণ,তাদের যথাযথ বাসস্থান,খাদ্য, চিকিৎসা ও আত্নীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও আইনজীবির সাথে সাক্ষাতের সুযোগদান এবং সুনাগরিক হিসেবে সমাজে পুর্বাসনের লক্ষ্যে উদ্ধুদ্ধকরণ ও প্রশিক্ষণ প্রদান।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা
২. কারা বন্দিদের আইনগত সহায়তা প্রদান
৩. বন্দিদের মানষিক বিষন্নতা দুর করার জন্য কার্যক্রম গ্রহণ
৪. স্টাফদের প্রশিক্ষণ ও মোটিভেশন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বন্দিদের নিরাপদ আটক নিশ্চিতকরণ ও শৃঙ্খলা নিয়ন্ত্রণ।
২. কারা বন্দিদের স্বাস্থ্যসম্মত আবাসন,পুষ্টি, স্বাস্থ্য ও শিক্ষা নিশ্চিত করণ।
৩. বন্দিদের আইনগত সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ।
৪. বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কাযক্রম গ্রহণ করা।
৫. সাজাপ্রাপ্ত বন্দিদের প্রাপ্য রেয়াত মঞ্জুর এবং শৃঙ্খলা ভঙ্গের জন্য সাজা প্রদান।
৬. বন্দিদের সমাজে পুর্নবাসনের লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলা।
৭. মাদকাসক্ত বন্দিদের সেবা নিশ্চিতকরণ।
৮. স্টাফদের প্রশিক্ষণ ও মোটিভেশন প্রদান।
৯. কারা বন্দিদের আইনগত সহায়তা প্রদান।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| কারা বন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ | কারা বন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ | সংখ্যা | | ৫০ | ৬০ | ৭০ | ৮০ | কারা অধিদপ্তর, মৌলভীবাজার জেলা কারাগার ও সমাজ সেবা অধিদপ্তর, মৌলভীবাজার | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা ও অষ্টম পঞ্চ বার্ষিক পরিকল্পনা |
| কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদান | কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদান | সংখ্যা | | ৫০ | ৫০ | ৫৫ | ৬০ | কারা অধিদপ্তর, মৌলভীবাজার জেলা কারাগার ও লিগ্যাল এইড কমিটি মৌলভীবাজার | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা |
| বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ | বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ | সংখ্যা | | ৪ | ৪ | ৪ | ৪ | কারা অধিদপ্তর, মৌলভীবাজার জেলা কারাগার ও সমাজ সেবা অধিদপ্তর, মৌলভীবাজার | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা |
| স্টাফদের প্রশিক্ষণ ও মোটিভেশন | স্টাফদের প্রশিক্ষণ ও মোটিভেশন | সংখ্যা | | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | কারা অধিদপ্তর, মৌলভীবাজার জেলা কারাগার ও সমাজ সেবা অধিদপ্তর, মৌলভীবাজার | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা | ৪০ | [১.১] কারাবন্দিদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান | [১.১.১] প্রদানকৃত প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা (বন্দি) | ৮ | | ৫০ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৬০ | ৭০ |
| | | [১.২] মাদকাসক্ত বন্দিদের মটিভেশন ও চিকিৎসা প্রদান | [১.২.১] মাদকাসক্ত বন্দিদের কাউন্সেলিং কার্যক্রম | সমষ্টি | সংখ্যা (সভা) | ৮ | | ৪ | ৪ | ৩ | ৩ | ২ | ২ | ৪ | ৪ |
| | | | [১.২.২] মাদকাসক্ত বন্দিদের বিশেষ ওয়ার্ডে চিকিৎসা প্রদান | সমষ্টি | সংখ্যা (বন্দি) | ৮ | | ৩০ | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | ৪০ | ৪৫ |
| | | [১.৩] কারা বন্দিদের জন্য প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা বৃদ্ধি করা | [১.৩.১] শিক্ষা প্রদান কার্যক্রম সম্পন্ন | সমষ্টি | সংখ্যা (বন্দি) | ৮ | | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১১০ |
| | | [১.৪] উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% সংশ্লিষ্ট বন্দিকে প্রদান | [১.৪.১] প্রদানকৃত লভ্যাংশ | সমষ্টি | সংখ্যা (বন্দি) | ৮ | | ৫০ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৬০ | ৭০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] কারা বন্দিদের আইনগত সহায়তা প্রদান | ২০ | [২.১] কারা বন্দিদের মামলা নিস্পত্তির জন্য সহায়তা প্রদান | [২.১.১] লিগ্যাগ এইড অফিসের মাধ্যমে আইনজীবী নিয়োগে সহায়তা করা | সমষ্টি | সংখ্যা (বন্দি) | ৮ | ৩০ | ৪০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৬০ |
| | | | [২.১.২] মাঠ পর্যায়ে অভিযোগ সরাসরি নিস্পত্তির লক্ষ্যে অংশী জনের অংশ গ্রহণে গণশুনানীর আয়োজন | সমষ্টি | সংখ্যা (সভা) | ৫ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৫ | ৬ |
| | | | [২.১.৩] বয়োবৃদ্ধ ও গুরুতর অসুস্থ কারা বন্দিকে কারা মুক্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এর লক্ষ্যে তালিকা কারা অধিদপ্তরে প্রেরণ | সমষ্টি | সংখ্যা (তালিকা) | ৭ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| [৩] বন্দিদের মানষিক বিষন্নতা দুর করার জন্য কার্যক্রম গ্রহণ | ৫ | [৩.১] বন্দিদের মানসিক বিষণ্নতা দূর করার জন্য সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | [৩.১.১] আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা (অনুষ্ঠান) | ৫ | ১ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৫ | ৬ |
| [৪] স্টাফদের প্রশিক্ষণ ও মোটিভেশন | ৫ | [৪.১] কারাগারে কমরত স্টাফদের যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান ও মোটিভেশন করা | [৪.১.১] প্রদানকৃত প্রশিক্ষণ | সমষ্টি | ঘন্টা | ৫ | ৬০ | ৬০ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৬০ | ৬০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, জেল সুপার, মৌলভীবাজার জেলা কারাগার, কারা উপ মহাপরিদর্শক, কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, কারা উপ মহাপরিদর্শক, কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট হিসাবে জেল সুপার, মৌলভীবাজার জেলা কারাগার-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

জেল সুপার
মৌলভীবাজার জেলা কারাগার

তারিখ

কারা উপ মহাপরিদর্শক
কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] কারাবন্দিদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান | [১.১.১] প্রদানকৃত প্রশিক্ষণ | সংস্থাপন শাখা, মৌলভীবাজার জেলা কারাগার | প্রশিক্ষণ প্রতিবেদন ও তালিকা |
| [১.২] মাদকাসক্ত বন্দিদের মটিভেশন ও চিকিৎসা প্রদান | [১.২.১] মাদকাসক্ত বন্দিদের কাউন্সেলিং কার্যক্রম | মেডিকেল শাখা, মৌলভীবাজার জেলা কারাগার | আলোকচিত্র ও প্রতিবেদন |
| | [১.২.২] মাদকাসক্ত বন্দিদের বিশেষ ওয়ার্ডে চিকিৎসা প্রদান | মেডিকেল শাখা, মৌলভীবাজার জেলা কারাগার | প্রতিবেদর ও তালিকা |
| [১.৩] কারা বন্দিদের জন্য প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা বৃদ্ধি করা | [১.৩.১] শিক্ষা প্রদান কার্যক্রম সম্পন্ন | কারা শিক্ষক, মৌলভীবাজার মৌলভীবাজার জেলা কারাগার ও ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার | আলোকচিত্র ও প্রতিবেদন |
| [১.৪] উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% সংশ্লিষ্ট বন্দিকে প্রদান | [১.৪.১] প্রদানকৃত লভ্যাংশ | অর্থ ও উৎপাদন শাখা, মৌলভীবাজার জেলা কারাগার | প্রতিবেদন/স্মারকপত্র |
| [২.১] কারা বন্দিদের মামলা নিস্পত্তির জন্য সহায়তা প্রদান | [২.১.১] লিগ্যাগ এইড অফিসের মাধ্যমে আইনজীবী নিয়োগে সহায়তা করা | ভর্তি শাখা, মৌলভীবাজার জেলা কারাগার | প্রতিবেদন |
| | [২.১.২] মাঠ পর্যায়ে অভিযোগ সরাসরি নিস্পত্তির লক্ষ্যে অংশী জনের অংশ গ্রহণে গণশুনানীর আয়োজন | সংস্থাপন শাখা, মৌলভীবাজার জেলা কারাগার | নোটিশ ও কার্যবিবরণী |
| | [২.১.৩] বয়োবৃদ্ধ ও গুরুতর অসুস্থ কারা বন্দিকে কারা মুক্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এর লক্ষ্যে তালিকা কারা অধিদপ্তরে প্রেরণ | মুক্তি শাখা, মৌলভীবাজার জেলা কারাগার | প্রতিবেদন |
| [৩.১] বন্দিদের মানসিক বিষণ্নতা দূর করার জন্য সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | [৩.১.১] আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান | সংস্থাপন শাখা, মৌলভীবাজার জেলা কারাগার | আলোকচিত্র ও প্রতিবেদন |
| [৪.১] কারাগারে কমরত স্টাফদের যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান ও মোটিভেশন করা | [৪.১.১] প্রদানকৃত প্রশিক্ষণ | সংস্থাপন শাখা, মৌলভীবাজার জেলা কারাগার | নোটিশ ও তালিকা |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| কারা বন্দিদের জন্য প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা বৃদ্ধি করা | শিক্ষা প্রদান কার্যক্রম সম্পন্ন | ইসলামিক ফাউন্ডেশন | সংশ্লিষ্ট দপ্তরের সাথে পত্র যোগাযোগ, টেলিফোনিক আলোচনা এবং প্রয়োজন বোধেসভা আয়োজন। |
| কারাবন্দিদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান | প্রদানকৃত প্রশিক্ষণ | জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার | সংশ্লিষ্ট দপ্তরের সাথে পত্রযোগাযোগ, টেলিফোনিক আলোচনা এবং প্রয়োজন বোধে সভা আয়োজন। |
| মাদকাসক্ত বন্দিদের মটিভেশন ও চিকিৎসা প্রদান | মাদকাসক্ত বন্দিদের কাউন্সেলিং কার্যক্রম | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মৌলভীবাজার | সংশ্লিষ্ট দপ্তরের সাথে পত্রযোগাযোগ, টেলিফোনিক আলোচনা এবং প্রয়োজন বোধে সভা আয়োজন। |
| কারা বন্দিদের মামলা নিস্পত্তির জন্য সহায়তা প্রদান | লিগ্যাগ এইড অফিসের মাধ্যমে আইনজীবী নিয়োগে সহায়তা করা | জেলা লিগ্যাল এইড অফিস, মৌলভীবাজার | কারাগারের মাধ্যমে প্রাপ্ত বন্দিদের আবেদনের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদান। |

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ